# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পর্যায় (اَلْمَرْحَلَةُ الثَّالِثَةُ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

তৃতীয় পর্যায়

এ স্তর হচ্ছে রাসূলুল্লাহ (ﷺ)_এর নবুওয়াত জীবনের শেষ স্তর যা তাঁর ইসলামী দাওয়াতের সে ফলাফল সমূহের প্রতিনিধিত্ব করে যা দীর্ঘ তেইশ বছরের কঠোর পরিশ্রম, অজস্র সমস্যা ও সংকট নিরসন,, অসহনীয় দুঃখ-যন্ত্রণা ও রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে অর্জন করেছিলেন। তাঁর ঘটনাবহুল জীবন ছিল অবিমিশ্র বিজয় ও কৃতকার্যতার অভূতপূর্ব ও অভাবিতপূর্ব ঘটনার সমাহার। তবে এসবের মধ্যে সব চাইতে উল্লেখযোগ্য এবং গুরুত্বপূর্ণ কৃতকার্যতা ছিল মক্কা বিজয়। প্রকৃতপক্ষে এ বিজয় ছিল বিজয়পূর্ব এবং বিজয়োত্তর দু’ যুগের মধ্যে যুগসৃষ্টিকারী একটি ঘটনা এবং দু’ বৈপরীত্যের সীমান্ত রেখা। আরব অধিবাসীগণের দৃষ্টিতে কুরাইশগণ ছিল দ্বীনের সংরক্ষক এবং তত্ত্বাবধায়ক, কুরাইশগণের পরাজয়ের ফলে আরব উপদ্বীপের জনগণের মূর্তিপূজার ভিত, চিরতরে উৎপাটিত হয়ে গেল এবং ইসলামের ভিত সুপ্রতিষ্ঠিত হল।

এই শেষের স্তরকে দু’ পর্যায়ে বিভক্ত করা যায় :

(১) সাধনা এবং লড়াই ও

(২) ইসলাম গ্রহণের জন্য জাতি এবং গোত্রসমূহের দৌড়।

এ দু’ পরিস্থিতির একে অন্যের সঙ্গে বিজড়িত এবং এ স্তরের মধ্যে আগের পিছনের এবং একে অন্যের মাঝেও সংঘটিত হয়ে এসেছে। তবে এ পুস্তক প্রণয়নের ক্ষেত্রে আমরা একটি থেকে অন্যটিকে পৃথকভাবে আলোচনা করব। কাজেই পিছনের আলোচনা গুলোতে যে সংগ্রাম যুদ্ধের আলোচনা চলে এসেছে পরবর্তী যুদ্ধ তারই আনুষঙ্গিক প্রেক্ষাপটে আলোচিত হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন